# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ জামা‘আত ও ইমামতি

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৭) ডান দিক থেকে কাতার পূরণ করা

(৭) ডান দিক থেকে কাতার পূরণ করা :

সুন্নাত হল ইমামের পিছন থেকে কাতার সোজা করা। ডান দিক থেকে কাতার পূরণ করার কোন শারঈ ভিত্তি নেই। প্রত্যেকটি কাতার ইমামের পিছন থেকে পূরণ করতে হবে।

عَنْ أَنَسٍ قَالَ صَلَّى النَّبِىُّ فِىْ بَيْتِ أُمِّ سُلَيْمٍ فَقُمْتُ وَيَتِيْمٌ خَلْفَهُ وَأُمُّ سُلَيْمٍ خَلْفَنَا.

আনাস ইবনু মালেক (রাঃ) বলেন, একদা নবী করীম (ছাঃ) উম্মু সুলাইমের বাড়ীতে ছালাত আদায় করলেন। আমি এবং একজন ইয়াতীম তাঁর পিছনে দাঁড়ালাম। আর উম্মু সুলাইম আমাদের পিছনে দাঁড়ালেন।[1] উক্ত হাদীছ প্রমাণ করে ডান দিক থেকে কাতার সোজা না করে ইমামের পিছন থেকেই কাতার করতে হবে।

## ফুটনোট

[1]. ছহীহ বুখারী হা/৮৭৪, ১/১২০ পৃঃ, (ইফাবা হা/৮২৯, ২/১৬৩ পৃঃ); মিশকাত হা/১১০৮; বঙ্গানুবাদ মিশকাত হা/১০৪০, ৩/৬৩ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1891

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন